

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫০৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ সুন্দর কথা বলা ও অন্যকে খাদ্য খাওয়ানোর মাধ্যমে একজন ব্যক্তির জন্য জান্নাত ওয়াজিব হয়ে যায়

ذِكْنُ إِيجَابِ الْجَنَّةِ لِلْمَرْءِ بِطِيبِ الْكَلَامِ وَإِطْعَامِ الطعام

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَرْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا يَحْيَى بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ الْمِقْدَامِ بْنِ هَانِئٍ عَنِ الْمِقْدَامِ بْنِ هَانِئًا لَمَّا وَفْدَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقال: (إن الله هو الحكم وَإلَيْهِ هَانِئًا أَبَا الْحَكَمِ فَدَعَاهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقال: (إن الله هو الحكم وَإلَيْهِ المُحْكُمُ فلِمَ تُكَنَّى أَبَا الْحَكَمِ)؟ قَالَ: قَوْمِي إِذَا اخْتَلَقُوا فِي شَيْءٍ رَضُوا بِي حَكَمًا فَأَحْكُمُ المُكْمُ المَّدُهُمْ فقالَ: (إِنَّ ذَلِكَ لَحَسَنٌ فَمَا لَكَ مِنَ الْوَلَد)؟ قَالَ: شُرَيْحٌ وَعَبْدُ اللَّهِ وَمُسْلِمٌ قَالَ: (فَأَيْتُهُمْ أَكْبَرُ)؟ قَالَ: شُرَيْحٌ وَعَبْدُ اللَّهِ وَمُسْلِمٌ قَالَ: (فَأَيْتُهُمْ أَكْبَرُ)؟ قَالَ: شُرَيْحٌ وَعَبْدُ اللَّهِ وَمُسْلِمٌ قَالَ: السُّرَيْحُ وَعَبْدُ اللَّهِ وَمُسْلِمٌ قَالَ: (لَوْلَدِهُ فَلَاكَ بَلَادِهِمْ أَوْلَدِهِ فَلَمَّا أَرَادَ الْقَوْمُ لِللَّهُ وَلُولَدِهِ فَلَمَّا أَرَادَ الْقَوْمُ لِلللهُ وَلَولَدِهِ فَلَمَّا أَرَادَ الْقَوْمُ لَلْ اللهِ أَخْبِرْنِي بِشِيْءٍ يُوجِبُ لِيَ الْجَنَّةَ قَالَ: (طِيبُ الكلام وبذل السلام وإطعام رَسُولَ اللَّهِ أَخْبِرْنِي بِشَيْءٍ يُوجِبُ لِيَ الْجَنَّةَ قَالَ: (طِيبُ الكلام وبذل السلام وإطعام الطعام).

الراوي: ابن هَانِئ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 504 ا خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৫০৪. ইয়াজিদ বিন মিকদাম বিন শুরাইহ বিন হানী, তিনি তাঁর বাবা মিকদাম বিন হানী থেকে বর্ণনা করেন, তিনি হানী এর ছেলে থেকে বর্ণনা করেন, তিনি বলেন: "যখন হানী তাঁর কওমের লোকদের সাথে প্রতিনিধিদল হিসেবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শুনতে পান যে, হানীকে তাঁর কওম আবুল হাকাম (ফায়সালাদানকারীর পিতা) উপনামে ডাকছেন। তখন রাসূল সাল্লাল্লাহু



আলাইহি ওয়া সাল্লাম তাঁকে ডাকেন এবং বলেন: "নিশ্চয়ই আল্লাহ হলেন হাকাম (ফায়সালা দানকারী), হুকুম বা ফায়সালা দান করা আল্লাহর দিকেই সমর্পিত। কাজেই তোমাকে আবুল হাকাম উপনামে ডাকা হয় কেন?" জবাবে তিনি বলেন: "আমার কওম যখন কোন বিষয়ে মতানৈক্য করে, সেক্ষেত্রে তারা ফায়সালা দানকারী হিসেবে তারা আমাকে সম্ভুষ্টচিত্তে মেনে নেয় " রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "সেটা ভাল। তোমার কী সন্তান আছে?" তিনি বলেন: "শুরাইহ, আবুল্লাহ ও মুসলিম।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তালের মাঝে বড় কে?" তিনি বলেন: "শুরাইহ।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তাহলে তোমার উপনাম হলো আবু শুরাইহ।" অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর জন্য এবং তাঁর সন্তানের জন্য দু'আ করেন। তারপর কওমের লোকজন যখন তাঁদের দেশে ফিরে যাওয়ার ইচ্ছা করেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁদের করেন। তখন আবু শুরাইহ বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে এমন কিছু সম্পর্কে অবহিত করুন, যা আমার জন্য জান্নাত অবধারিত করে দিবে" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "(তা হলো) সুন্দর কথা বলা, সালাম প্রদান করা ও মানুষকে খাদ্য খাওয়ানো।"[1]

ফুটনোট

[1] আদাবুল মুফরাদ: ৮১১।

হাদীসটির সানাদকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ ভালো বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৯৩৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইয়াজিদ বিন মিকদাম (রহ,)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন